

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৫২

পর্ব-৯: দু'আ (আএ২০। كتاب الدعوات)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

আরবী

زَادَ فِي رِوَايَةٍ عَنْ تَابِتٍ الْبُنَانِيِّ مُرْسَلًا «حَتَّى يَسْأَلَهُ الْمِلْحَ وَحَتَّى يَسْأَلَهُ شِسْعَهُ إِذَا انْقَطع» . رَوَاهُ التِّرْمِذِيِّ

বাংলা

২২৫২-[৩০] সাবিত আল বুনানী-এর এক মুরসাল বর্ণনায় এ অংশটুকু বেশি রয়েছে যে, তাঁর কাছে যেন লবণও প্রার্থনা করে, এমনকি নিজের জুতার ফিতা ছিঁড়ে গেলেও যেন তাঁর নিকট প্রার্থনা করে। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিযী ৩৬০৪, য'ঈফাহ্ ১৩৬২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামা মুল্লা 'আলী কারী বলেনঃ 'বা' পেশ দিয়ে আর প্রথম 'নূন' তাশদীদ ছাড়া, আর দ্বিতীয় 'নূন' যের দিয়ে। বুনানীর সম্পর্ক এসেছে সা'দ বিন লুওয়াই এর মা বানানাহ্-এর কাছ থেকে। তিনি গ্রহণযোগ্য তাবি'ঈগণদের মধ্যে অন্যতম।

(حَتَّى يَسْأَلُهُ الْمِلْحَ) লবণের মতো নগণ্য জিনিস হলেও তা আল্লাহর কাছেই চাইতে হবে। (حَتَّى يَسْأَلُهُ الْمِلْحَ) চাওয়ার নগণ্যতা বুঝানো উদ্দেশ্য নয়। বরং এ সন্দেহ দূর করা যে, তুচ্ছ জিনিস হলেও তা আল্লাহর কাছেই চাইতে হবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন